



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

MC-15644

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/সাতক্ষীরা-৫১/

তারিখঃ /০৪/২০১৬খ্রিঃ

বিষয়ঃ সভাপতি পদ বাতিলসহ পূর্নাক্ত গভার্ণিং বডি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে।

সূত্রঃ ১) স্মারক নম্বর- ০৫.৪৪.৮৭৮২.০০১.২৬.০০৫.২০১৫-২০৪(যুক্ত); তারিখঃ ০৭ ফেব্রুয়ারি ২০১৬
২) নং- বামাশিবো/প্রশা/সাতক্ষীরা-৫১/১০৭০; তারিখঃ ০৬/০৩/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন সাতক্ষীরা আয়েন উদ্দীন মহিলা আলিম মাদরাসার অনিয়মতান্ত্রিকভাবে গভার্ণিং বডি গঠন, ০৫ (পাঁচ) জন সদস্যকে অবৈধভাবে কো-অপ্ট করা, বোর্ডের অনুমতি না নিয়ে বিধি বহির্ভূতভাবে কার্যক্রম পরিচালনাসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে জনৈক মোঃ জিয়াদ আলী একখানা অভিযোগ বোর্ডে দাখিল করেন।

২) দাখিলকৃত অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সদর, সাতক্ষীরাকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, সাতক্ষীরার মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ১নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেন।

৩) তদন্তে- ভোটার তালিকা ত্রুটিপূর্ণ, ভোটার তালিকা প্রণয়নের ক্ষেত্রে কারসাজির আশ্রয় গ্রহণ, বিনা অনুমতিতে সদস্য কো-অপ্ট করা, অধ্যক্ষ এবং সভাপতির অদক্ষতা ও অব্যবস্থাপনার কারণে বিধি মোতাবেক গভার্ণিং বডি গঠন করা হয়নি মর্মে প্রতিয়মান হওয়ায় কেন সভাপতি পদ বাতিলসহ গভার্ণিং বডি ভেঙ্গে দেয়া হবে না মর্মে সভাপতি ও অধ্যক্ষকে সূত্রোক্ত ২নং স্মারকে কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিকে কোন জবাব পাওয়া যায়নি বিধায় সভাপতি পদ বাতিলসহ গভার্ণিং বডি ভেঙ্গে দেয়ার বিষয়ে সভাপতি ও অধ্যক্ষের কোন বক্তব্য নেই মর্মে প্রতিয়মান হয়।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান- ৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/১৬৫০/৪/নথি নং- সাতক্ষীরা-৫১; তারিখঃ ০৪/০৫/২০১৪ স্মারকে মনোনীত সভাপতি পদ বাতিলসহ নং- বামাশিবো/প্রশা/১৬৫১/৪/নথি নং- সাতক্ষীরা-৫১; তারিখঃ ০৪/০৫/২০১৪ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডি এতদ্বারা ভেঙ্গে দেয়া হলো। মাদরাসার দৈনন্দিন কার্যক্রম পরিচালনার স্বার্থে এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে আবেদন করার জন্য মাদরাসার অধ্যক্ষকে অনুরোধ করা হলো।

৯০

প্রফেসর এ. কে. এম. ছায়েফ উল্লাহ
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
ও রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৫৮৬১০২১৬

প্রাপকঃ অধ্যক্ষ, সাতক্ষীরা আয়েন উদ্দীন মহিলা আলিম মাদরাসা
সদর, সাতক্ষীরা।

নং- বামাশিবো/প্রশা/সাতক্ষীরা-৫১/ ২৪০৩

তারিখঃ ২০/০৪/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, সাতক্ষীরা।
২. উপজেলা নির্বাহী অফিসার, সদর, সাতক্ষীরা।
৩. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
৪. সভাপতি/সদস্যবৃন্দ (ভেঙ্গে দেয়া গভার্ণিং বডি), সাতক্ষীরা আয়েন উদ্দীন মহিলা আলিম মাদরাসা, সদর, সাতক্ষীরা।
৫. জনাব মোঃ জিয়াদ আলী, পিতা- মৃত সোবহান সরদার, সাং- ইটাপাছা, ডাক- বাকাল, সদর, সাতক্ষীরা।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

২০/৪/১৬

নোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪